


গত ২২ জানুয়ারী ২০১৪, অনুষ্ঠিত তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের ইন্টেরিম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগ সচিব জনাব মোঃ গোলাম রব্বানী, বিশেষ অতিথি ছিলেন, স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর) জনাব অশোক মাধব রায়, সভাপতিত্ব করেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমান

## ইউজিআইআইপি-৩, পিপিটিএ'র কর্মশালা অনুষ্ঠিত

নগর সুশাসন ও অবকাঠামো উন্নতিকরণের ব্যাপক বিস্তৃতি, জনঅংশগ্রহণকে উৎসাহিতকরণ ও সময়োপযোগী সেবার মানোন্নয়নের মাধ্যমে পৌরসেবাকে আরও উন্নততর করতে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের কারিগরি সহায়তা প্রকল্প ইতোমধ্যে কাজ শুরু করেছে। তারই ধারাবাহিকতায় গত ২২ জানুয়ারী ২০১৪, আরডিইসি ভবনে দিনব্যাপি অনুষ্ঠিত হয় প্রকল্পের ইন্টেরিম ওয়ার্কশপ। কর্মশালার উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগ সচিব জনাব গোলাম রব্বানী। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে গণতন্ত্রকে সুদৃঢ় করতে বদ্ধপরিকর। আমাদের পৌরসভাসমূহের সকল উন্নয়ন কর্মকান্ডে জনগণকে আরও বেশি সম্পৃক্ত করতে হবে। তবেই উন্নয়নের সুফল সম্পর্কে জনগণ স্পষ্ট ধারণা লাভ করবে।

বিশেষ অতিথি স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর) জনাব অশোক মাধব রায় বলেন, শিল্পায়নের বিস্তৃতির কারণে নগরে এখন প্রতিদিন মানুষ ভীড় জমাচ্ছে। তাই নগরে বাড়ছে বিভিন্নমুখী চাহিদা। আমাদের সীমিত সম্পদের সবোর্চ্চ ব্যবহারের মাধ্যমে এসব চাহিদা পূরণ করা দরকার। পৌরসভাসমূহকে এ বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে হবে।

সভাপতির বক্তব্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমান স্বচ্ছতার বিষয়ে সার্বধিক গুরুত্বারোপ করেন। তিনি সকল প্রকার ব্যয়ের ক্ষেত্রে সরকারের বিধিমালা মেনে ব্যয় নির্বাহের জন্য উপস্থিত মেয়রদের বিশেষ অনুরোধ করেন।

উদ্বোধনী অধিবেশনে আরও বক্তব্য রাখেন ইউজিআইআইপি-৩, পিপিটিএ'র টিম লিডার মি. ভিনসেন্ট রটস, ইউজিআইআইপি-২ এর প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ, এডিবি বিআরএম এর সিনিয়র প্রজেক্ট অফিসার জনাব রফিকুল ইসলাম।

পরবর্তীতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ইউএম এবং ডিপিএইচই'র সভাপতিত্বে দিনভর কর্মশালায় ইউজিআইআইপি-৩ এর পটভূমি উপস্থাপন করেন ইউজিআইআইপি-২ এর প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ। ইউজিআইআইপি-৩, পিপিটিএ'র এক্সপার্টগণ মিথষ্ক্রিয়ার মাধ্যমে প্রজেক্ট ব্রীফ, প্রজেক্ট কম্পোনেন্টস, ইম্প্লিমেন্টেশন

এগ্রিমেন্টস, ইউজিআইএপি, মোবাইল টিমস এন্ড ক্যাপাসিটি সাপোর্ট, ইউজিআইআইপি'-২ এর আলোকে পিডিপি প্রস্তুত বিষয়ে আলোকপাত করেন।

এসই আরবান ম্যানেজমেন্ট এবং এসই ডিপিএইচই'র সভাপতিত্বে সমাপনী অধিবেশনে ইউজিআইআইপি-২ এর মেয়রবৃন্দ তাদের অভিজ্ঞতার আলোকে করণীয় সম্পর্কে বক্তব্য রাখেন এবং পরামর্শ প্রদান করেন। পরিশেষে সভাপতিদ্বয়ের বক্তব্যের মধ্যদিয়ে দিনভর কর্মশালার সমাপ্তি ঘোষিত হয়।

কর্মশালায় অংশগ্রহণকারী হিসেবে ইউজিআইআইপি-৩র অংশগ্রহণকারী (এ ও বি শ্রেণীর) ৩০টি পৌরসভার মেয়র, সচিব, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলীবৃন্দ উপস্থিত ছিলেন।

------------------------------------------------------------------

উপরের ছবির বিকল্প ক্যাপশন।
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের প্রস্তুতকরণ ইন্টেরিম ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি, স্থানীয় সরকার বিভাগ সচিব জনাব মোঃ গোলাম রব্বানী, বিশেষ অতিথি ,স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর) জনাব অশোক মাধব রায়, সভাপতি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমান, এলজিইডির অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব শ্যামা প্রসাদ অধিকারী, ইউজিআইআইপি-২ এর প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ, এডিবি প্রতিনিধি জনাব মোঃ রফিকুল ইসলাম এবং ইউজিআইআইপি-৩, পিপিটিএ'র টিম লিডার ড. ভিনসেন্ট রটস।